২১ আগস্ট, ২০২৬

# মির্জা ফখরুলকে ভারতের রাষ্ট্রপতির অভিনন্দন



ছবি: সংগৃহীত

বাংলাদেশের নতুন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন জানিয়েছেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। দায়িত্ব গ্রহণের পর এক শুভেচ্ছা বার্তায় তিনি মির্জা ফখরুলের সাফল্য কামনা করেন।

শুক্রবার (২১ আগস্ট) পাঠানো ওই বার্তায় দ্রৌপদী মুর্মু বলেন, বাংলাদেশের মানুষের সেবায় মির্জা ফখরুলের দীর্ঘ রাজনৈতিক পথচলা ও নেতৃত্বের অভিজ্ঞতা তার রাষ্ট্রপতি হিসেবে মেয়াদকে সফল করতে সহায়ক হবে বলে তিনি আশাবাদী।

ভারতের রাষ্ট্রপতি বলেন, ভারত-বাংলাদেশের সম্পর্কের ভিত্তি গড়ে উঠেছে অভিন্ন ত্যাগের ইতিহাস, পারস্পরিক সাংস্কৃতিক যোগাযোগ এবং দীর্ঘদিনের বন্ধুত্বের ওপর। সাম্প্রতিক সময়ে জ্বালানি, প্রযুক্তি, যোগাযোগ, যুব উন্নয়ন, স্বাস্থ্য ও শিক্ষাসহ বিভিন্ন খাতে দুই দেশের সহযোগিতা আরও বিস্তৃত হয়েছে।

দুই প্রতিবেশী দেশের পারস্পরিক অংশীদারত্বকে আরও এগিয়ে নিতে বাংলাদেশের নতুন রাষ্ট্রপতির সঙ্গে কাজ করার আগ্রহের কথাও জানান দ্রৌপদী মুর্মু।

শুভেচ্ছা বার্তায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সুস্বাস্থ্য ও ব্যক্তিগত সুখ কামনা করেন তিনি। পাশাপাশি বাংলাদেশের জনগণের ধারাবাহিক অগ্রগতি ও সমৃদ্ধিও কামনা করেন ভারতের রাষ্ট্রপতি।